

প্রাথমিকে বৃত্তি পেল ৮২ হাজার ৩৮৩ শিক্ষার্থী

নিজস্ব প্রতিবেদক

২৮ ফেব্রুয়ারি ২০২৩

০১:৪০ পিএম | আপডেট:

২৮ ফেব্রুয়ারি ২০২৩

০১:৪৮ পিএম

4

Shares



২০২২ সালের বৃত্তি পরীক্ষার এই ফল প্রকাশ করেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন। ছবি: আমাদের সময়

advertisement

২০২২ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এতে দেখা গেছে, এবার বৃত্তি পেয়েছে ৮২ হাজার ৩৮৩ শিক্ষার্থী। আজ মঙ্গলবার দুপরে নিজ মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন বৃত্তি পরীক্ষার এই ফল প্রকাশ করেন।

এ সময় উপস্থিত ছিলেন-মন্ত্রণালয়ের সচিব ফরিদ আহাম্মদ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শাহ রেজওয়ান হায়াত, মন্ত্রণালয় ও অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ।

advertisement

প্রতিমন্ত্রী জানান, এবার ট্যালেন্টপুলে (মেধাবৃত্তি) ৩৩ হাজার শিক্ষার্থী বৃত্তি পেয়েছে, যা পূর্বে ছিল ২২ হাজার। আর ৪৯ হাজার ৩৮৩ জন শিক্ষার্থী সাধারণ বৃত্তি পেয়েছে, যা পূর্বে ছিল ৩৩ হাজার। সবমিলিয়ে মোট ৮২ হাজার ৩৮৩ জনকে বৃত্তি প্রদান করা হয়েছে। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা ৮ম শ্রেণি পর্যন্ত এই বৃত্তি পাবে।

advertisement 4

আরও পড়ুন-প্রাথমিকের বৃত্তির ফল জানবেন যেভাবে

উল্লেখ্য, ২০২০ ও ২০২১ সালে কোভিড-১৯ পরস্থিতির কারণে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা না হওয়ায় প্রাথমিক বৃত্তি প্রদান করা সম্ভব হয়নি। পরে ২০২২ সালের ২৮ নভেম্বর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় ২০২২ সাল থেকে প্রাথমিক বৃত্তি পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ওই সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে ওই বছরের ৩০ ডিসেম্বর প্রাথমিক বৃত্তি পরীক্ষা সারাদেশে একযোগে অনুষ্ঠিত হয়।

৫ম শ্রেণির বার্ষিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধাক্রম অনুসারে ২০ শতাংশ শিক্ষার্থী নিয়ে ২০২২ সালে প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

২০২২ সালে প্রাথমিক বৃত্তি পরীক্ষা প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা পরিচালনা সংক্রান্ত সংশোধিত নীতিমালা (২০১৬) অনুসরণে অনুষ্ঠিত হয় এবং বৃত্তি বণ্টন প্রক্রিয়াতেও উক্ত নীতিমালা অনুসরণ করা হয়েছে। ২০২২ সালে বাংলা, প্রাথমিক গণিত, ইংরেজি ও প্রাথমিক বিজ্ঞান এ চারটি বিষয়ে বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

এবার পরীক্ষায় ৫ লাখ ৩৯২ জন শিক্ষার্থী অংশগ্রহণের জন্য নিবন্ধন করে। পরীক্ষায় অংশ নেয় ৪ লাখ ৮২ হাজার ৯০৪ জন শিক্ষার্থী। মোট নম্বর ছিল-১০০ এবং সময় ছিল-২ ঘণ্টা।